

ঢাকা ওয়াসা

- (১) দাশেরকান্দি পয়ঃশোধনাগারের আওতায় ২০২৫-২০২৬ অর্থ বছরে অনুমোদিত সংশোধিত রাজস্ব বাজেটের কপি।
- (২) প্রস্তুতকৃত Specification।
- (৩) দর সংগ্রহের জন্য স্থানীয় ঠিকাদারী প্রতিষ্ঠান বরাবর প্রেরিত পত্রের স্মারক নং- ৪৬.১১৩.৬৩৭.০০.০০.১৭৯.২০২৬.১৩৬৩; তারিখঃ ০৩/০৬/২০২৬ইং।
- (৪) Bhai Bhai Automobiles Works-2 হতে প্রাপ্ত পত্র; তারিখঃ ০৪/০৬/২০২৬ইং।
- (৫) M/S. Alim Motor Works হতে প্রাপ্ত পত্র; তারিখঃ ০৪/০৬/২০২৬ইং।
- (৬) Wadi Automobiles হতে প্রাপ্ত পত্র; তারিখঃ ০৪/০৬/২০২৬ইং।
- (৭) প্রাপ্ত দরের ভিত্তিতে তৈরীকৃত তুলনামূলক বিবরণী।
- (৮) প্রস্তুতকৃত প্রাক্কলন।


বিষয়ঃ “Making and Fitting-Fixing of Steel-Framed Waterproof Canopy for Pick-up Vehicle of Dasherkanndi STP (Lot-2)” শীর্ষক কাজের প্রাক্কলন অনুমোদন প্রসঙ্গে।

ক্রমিক নং-১ হতে ৮ দেখা যেতে পারে। ঢাকা মহানগরবাসীর শতভাগ পয়ঃ সেবা প্রদানের লক্ষ্যে Export-Import Bank of China এর অর্থায়নে চীনা রাষ্ট্রায়ত্ব ঠিকাদারী প্রতিষ্ঠান HydroChina Corporation কর্তৃক ঢাকা ওয়াসার দাশেরকান্দি পয়ঃশোধনাগারটি বাস্তবায়ন হয়েছে। ঠিকাদারী প্রতিষ্ঠান HydroChina Corporation এর সহিত চুক্তি অনুযায়ী ০১ বছর Operation and Maintenance কার্যক্রম শেষে গত ০১/০৭/২০২৩খ্রিঃ তারিখ হতে ঢাকা ওয়াসা কর্তৃক আলোচ্য পয়ঃশোধনাগারটির Operation and Maintenance কার্যক্রম চলমান রয়েছে।


০২। দাশেরকান্দি পয়ঃশোধনাগারটি বাংলাদেশ তথা দক্ষিণ এশিয়ার অন্যতম বৃহত্তম ও অত্যাধুনিক প্রযুক্তি সম্বলিত পয়ঃশোধনাগার। আলোচ্য পয়ঃশোধনাগারের আওতায় বিভিন্ন যন্ত্রপাতি, স্পয়ার পার্টস, রাসায়নিক দ্রব্য, টুলস ও অন্যান্য প্রয়োজনীয় মালামাল নিয়মিতভাবে এক স্থান থেকে অন্য স্থানে পরিবহন ও স্থানান্তরের জন্য গাড়ী ব্যবহার করা হয়। উল্লেখ্য বর্ষাকাল ও প্রতিকূল আবহাওয়ায় এসব মালামাল বৃষ্টি ও রোদে ক্ষতিগ্রস্ত হওয়ার ঝুঁকি থাকে। তাই পরিবহনকৃত মালামাল নিরাপদ, ক্ষয়ক্ষতি রোধ করা এবং পয়ঃশোধনাগারের কার্যক্রম নিরবচ্ছিন্নভাবে পরিচালনা নিশ্চিত করার জন্য Pick-up Vehicle-এর জন্য Steel-Framed Waterproof Canopy প্রস্তুত ও স্থাপন করা প্রয়োজন। সেপ্রেক্ষিতে সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা সম্পন্ন ৩টি প্রতিষ্ঠান হতে পত্র মারফত একক দর সংগ্রহ করা হয়েছে (ক্রমিক নং- ৩ হতে ৬ দ্রঃ)। সংগৃহীত কোটেশনের ভিত্তিতে একটি তুলনামূলক বিবরণী প্রস্তুত করা হয়েছে (ক্রমিক নং- ৭ দ্রঃ)। তুলনামূলক বিবরণী হতে দেখা যায় যে, Wadi Automobiles আলোচ্য কাজের মূল্য বাবদ সর্বনিম্ন দর দাখিল করেছে। সর্বনিম্ন দরের আলোকে আলোচ্য কাজটি সম্পাদনের লক্ষ্যে একটি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে (ক্রমিক নং-৮দ্রঃ)। প্রাক্কলিত মোট ব্যয় ৪৮,৬০০.০০ (আটচল্লিশ হাজার ছয়শ টাকা) মাত্র।

০৩। এমতাবস্থায়, দাশেরকান্দি পয়ঃশোধনাগারের Operation and Maintenance কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার স্বার্থে বর্ণিত “Making and Fitting-Fixing of Steel-Framed Waterproof Canopy for Pick-up Vehicle of Dasherkanndi STP (Lot-2)” শীর্ষক কাজটি জরুরী ও স্বল্প সময়ের মধ্যে ঠিকাদারী প্রতিষ্ঠান Wadi Automobiles এর মাধ্যমে পিপিআর-২০২৫ এর ৯৯(১)(ড) অনুযায়ী সম্পন্ন করার লক্ষ্যে ৪৯,৩০০.০০ (উনপঞ্চাশ হাজার তিনশ টাকা) মাত্রের আর্থিক, কারিগরি ও প্রশাসনিক অনুমোদন দেয়া যেতে পারে। উল্লেখ্য, আলোচ্য কাজের ব্যয়ভার দাশেরকান্দি পয়ঃশোধনাগারের অনুকূলে ২০২৫-২০২৬ অর্থ-বছরের বরাদ্দকৃত সংশোধিত রাজস্ব বাজেটের Vehicle maintenance (01-04-017) খাত হতে নির্বাহ করা হবে। আলোচ্য কাজের প্রাক্কলন অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।

সদয় অনুমোদনের জন্য উপস্থাপন করা হ'ল।


২৪/০৬/২০২৬
অনুমোদন
উপ-সহকারী প্রকৌশলী
দাশেরকান্দি পয়ঃশোধনাগার
ঢাকা ওয়াসা।


১৭.০৬.২০২৬
মোঃ হাবিবুর রহমান রনি
সহকারী প্রকৌশলী
দাশেরকান্দি পয়ঃশোধনাগার
ঢাকা ওয়াসা।


১৭/০৬/২৬
মোঃ আল আমিন
নির্বাহী প্রকৌশলী
দাশেরকান্দি পয়ঃশোধনাগার
ঢাকা ওয়াসা।

২৪/০৬/২০২৬
পদস্থ
২৪/০৬/২০২৬

XEN (DSTP)

০৪ অনুমোদিত

১৭/০৬/২৬
মিজা গোলাম কিবরিয়া
উপ-ব্যবস্থাপনা পরিচালক
পরিচালন ও রক্ষণাবেক্ষণ (অঃদঃ)
ঢাকা ওয়াসা।